



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জুলাই' ২০২৩ খ্রি.

চট্টগ্রামের বড় চ্যালেঞ্জ নগর দরিদ্র ব্যবস্থাপনা: মেয়র রেজাউল
জলবায়ু পরিবর্তন আর করোনা মহামারীর প্রেক্ষিতে চট্টগ্রামে ঠাঁই নেয়া উদ্বাস্তুর সংখ্যা
বৃদ্ধির ফলে চট্টগ্রামে বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে নগর দরিদ্র ব্যবস্থাপনা

মঙ্গলবার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত নগর দরিদ্র উন্নয়নে 'সুদিন' কর্মসূচী সম্পর্কে অবহিতকরণ সভায় চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এ মন্তব্য করেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, গ্রামীণ দরিদ্রদের নিয়ে যতটা আলোচনা হয় নগর দরিদ্রদের নিয়ে সে তুলনায় আলোচনা অনেক কম হয়। অথচ পরিবর্তিত জলবায়ু আর করোনার আঘাতের প্রেক্ষিতে নদী ভাঙ্গনে ঘর হারিয়ে, কর্মসংস্থানের সুযোগ হারিয়ে অনেকেই চট্টগ্রাম শহরে আশ্রয় নিচ্ছে। এই শ্রেণীর মানুষের কর্মসংস্থান ও জীবনমানের উন্নয়ন চট্টগ্রামের বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে।

সাজেদা ফাউন্ডেশনের কার্যক্রমে চসিকের সার্বিক সহযোগিতা দেওয়ার আশ্বাস দেন মেয়র। সভাপতির বক্তব্যে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তেহিনুল ইসলাম প্রাতিক শ্রেণীর ভাগ্যবদলে বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর সেবার বহুমুখীকরণে জোরাবেগ করেন।

সাজেদা ফাউন্ডেশনের সিনিয়র উপদেষ্টা মোঃ ফজলুল হকের স্বাগত বক্তব্য প্রদানের মাধ্যমে সভার আরম্ভ হয়। এ সভার প্রধান উদ্দেশ্য ছিলো চট্টগ্রামের বস্তি, বৃপত্তি ও পথবাসীদের জন্য কাজ করার লক্ষ্যে সাজেদা ফাউন্ডেশনের "সুদিন" কার্যক্রমের সাথে চসিকের সমন্বয়। সুদিন কর্মসূচি সাজেদা ফাউন্ডেশনের অর্থায়নে শহরের অতি-দরিদ্রতা বিমোচন ঢাকা, গাজিপুর, চাঁদপুর এবং চট্টগ্রামে কাজ করে চলছে।

সাজেদা ফাউন্ডেশনের শহরের দারিদ্রতা বিমোচনে দীর্ঘ এক দশকেরও বেশী সময় ধরে কাজ করার অভিজ্ঞতা থেকে সুদিন কর্মসূচির সৃষ্টি এবং এটি অতি দরিদ্র জনগোষ্ঠীর মধ্যকার বৈচিত্র্যকে মাথায় রেখে সাজানো হয়েছে। সুদিন অতিদরিদ্র ব্যক্তি এবং পরিবার উভয়ের জন্য সঠিক সময়ে সঠিক উদ্যোগ নেওয়ায় বিশ্বাসী। 'কেসওয়্যার্কার' এপ্রোচের মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠীর কাছে বিভিন্ন সেবা যথাযথ ভাবে পৌঁছে দিতে সুদিন প্রতিজ্ঞাবদ্ধ। অতি দরিদ্র পরিবারের মাথা-পিছু আয় দারিদ্রসীমার উপরে উঠিয়ে আনতে সুদিনের কার্যক্রমের কেন্দ্রবিন্দুতে থাকবে আর্থিক অবস্থা, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক কার্যক্রম ও সার্ভিস ইন্টিগ্রেশন।

সভায় অংশ নেন কাউন্সিলর হাজী নুরুল হক, গোলাম মোহাম্মদ জোবায়ের, মোহাম্মদ সলিম উল- যাহ বাচু, মোঃ নুরুল আমীন, আবদুস সালাম মাসুম, পুলক খাতগীর, সংরক্ষিত মহিলা কাউন্সিলর নীলু নাগ, শাহীন আকতার রোজীসহ সাজেদা ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮